



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৮.০০.৫৫১.১৪-৭০


তারিখঃ ০২/০২/২০১৭ খ্রিঃ।

জনাব ফাহিমদা সিদ্দিকা
সেলস্ ম্যানেজার
ডিসপ্লে কাম সেলস সেন্টার
ইরেসপো, বিআরডিবি, যশোর।

বিষয়ঃ কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত নারীদের প্রস্তুতকৃত/উৎপাদিত পণ্যসামগ্রীর প্রদর্শন, বিপণন, ক্রেতা আকৃষ্টকরণ ও পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ডিসপ্লে কাম সেলস সেন্টার স্থাপন করা হয়েছে। যশোর শহরে স্থাপিত ডিসপ্লে কাম সেলস সেন্টার এর সেলস্ ম্যানেজার হিসেবে সেলস সেন্টারটি সুষ্ঠু-সুন্দরভাবে পরিচালনার জন্য আপনি দায়িত্ব প্রাপ্ত। সেলস সেন্টার সফলভাবে পরিচালনার লক্ষ্যে পণ্য সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন, দৈনন্দিন ক্রয়-বিক্রয়ের হিসাব সংরক্ষনসহ কর্তৃপক্ষকে সময়ে সময়ে অগ্রগতি উপস্থাপন আপনার গুরুত্বপূর্ণ দায়িত্ব। কিন্তু প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক পরিলক্ষিত হয়েছে যে, আপনার অদক্ষতার জন্য যশোরের ডিসপ্লে কাম সেলস সেন্টারে পণ্যসামগ্রী সঠিকভাবে ও নিয়মিতভাবে সংগ্রহ, প্রদর্শন ও বাজারজাতকরণ করা হচ্ছে না। ইহাতে একদিকে যেমন সুফলভোগী সদস্যগণের উৎপাদিত পণ্যসামগ্রী ক্রয়/সংগ্রহ না করায় তারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে অন্যদিকে ডিসপ্লে কাম সেলস সেন্টারে বিকিকিনি না হওয়ায় উহা স্থাপনের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যহত হচ্ছে এবং টেকসই না হওয়াসহ সরকারী অর্থের অপচয় হচ্ছে।

এমতাবস্থায়, যশোরের ডিসপ্লে কাম সেলস সেন্টার পরিচালনায় আপনাকে অদক্ষ ও অযোগ্য বিবেচনা করে কেন প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং- ০২-৮১৮০১৪৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।